

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৮, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

ঢাকা, ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ/ ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২৪.৩৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'জাতীয় পর্যটন পরিষদ' নিম্নরূপে গঠন করেছে:

(ক) পরিষদের গঠন:

১.	প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার	:	সভাপতি
২.	মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়	:	সদস্য
৩.	মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়	:	সদস্য
৪.	মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়	:	সদস্য
৫.	মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	:	সদস্য
৬.	মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়	:	সদস্য
৭.	মন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয়	:	সদস্য
৮.	মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়	:	সদস্য
৯.	মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
১০.	মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	:	সদস্য

(১১৫১)

মূল্য : টাকা ৪.০০

১১.	প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়	:	সদস্য
১২.	প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
১৩.	প্রতিমন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	:	সদস্য
১৪.	প্রতিমন্ত্রী, বাণিজ্য মন্ত্রণালয়	:	সদস্য
১৫.	সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	:	সদস্য-সচিব

এ পরিষদে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) পরিষদের কার্যপরিধি:

- (১) পর্যটন উন্নয়ন সংক্রান্ত জাতীয় ও আঞ্চলিক পরিকল্পনাসমূহের নীতিগত অনুমোদন;
 - (২) জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে প্রচার ও বিপণনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উন্নীতকরণ;
 - (৩) গুরুত্বপূর্ণ পর্যটন স্থানসমূহে যাতায়াতের জন্য যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে নীতিগত সিদ্ধান্ত গ্রহণ;
 - (৪) পর্যটন সংক্রান্ত আইন প্রয়োগ এবং অন্যান্য প্রশাসনিক ব্যবস্থা ও পদক্ষেপ গ্রহণে নীতিগত সিদ্ধান্ত প্রদান;
 - (৫) বেসরকারি খাতের জন্য আর্থিক সুবিধাদি প্রদানের জন্য পদক্ষেপ গ্রহণ; এবং
 - (৬) পর্যটন উপদেষ্টা কমিটির সুপারিশসমূহের পর্যালোচনা ও প্রয়োজনীয় ক্ষেত্রে অনুমোদন প্রদান।
- (গ) এ সভার সিদ্ধান্ত বাধ্যতামূলক হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।
- (ঘ) পরিষদ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।
- (ঙ) 'জাতীয় পর্যটন পরিষদ'-এর সভা বছরে কমপক্ষে ০২ (দুই) বার অনুষ্ঠিত হবে।
- (চ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় পরিষদকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- ০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(সাইদ মাহবুব খান)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd